



শুক্রবার

১৬ পৌষ ১৪২৮

৩১ ডিসেম্বর ২০২১

২৬ জর্মানিউল আউয়াল ১৪৪৩

বর্ষ ৩০ সংখ্যা ৩০৮

পৃষ্ঠা ১২, দাম ৫ টাকা

THE DAILY BHORER KAGOJ

# ভোরের কাগজ

মুক্ত প্রাণের প্রতিধ্বনি

www.bhorerkagoj.com <https://facebook.com/bhorerkagoj.live>

বিনোদন প্রতিদিন

আইসিএস বর্ষসেরার তালিকায়  
সাকিব ▶ পৃষ্ঠা ৮

সম্পাদকীয়

রিটর্ন দাখিলে সাড়া কম : রাজ্যে  
ব্যবস্থাপনা আর্পনিকান হোক ▶ পৃষ্ঠা ৫

খবর

মিয়ানমারে শহীদ ৩০ জনকে সমাহিত  
করল বিদ্রোহীরা ▶ পৃষ্ঠা ৩

অর্থ শিল্প বাণিজ্য

পুঁজিবাজার : বছরের শেষ  
কার্যদিবসে উত্থান ▶ পৃষ্ঠা ৪

এই জনপদ

পাসের হারে নতুন রেকর্ড  
লিফট বোর্ডে ▶ পৃষ্ঠা ৬



## চট্টগ্রাম প্রিমিয়ার ইউনিভার্সিটি পেল স্থায়ী পরিচালনা সনদ

চট্টগ্রাম অফিস : চট্টগ্রামের বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে প্রথম স্থায়ীভাবে ক্যাম্পাস স্থাপন ও পরিচালনার সনদ পেয়েছে প্রিমিয়ার ইউনিভার্সিটি। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের মতামতের ভিত্তিতে শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম সচিব মো. আব্দুল মতিন স্বাক্ষরিত এক চিঠিতে গত বুধবার বিষয়টি জানানো হয়েছে। প্রিমিয়ার ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান বরাবর চিঠিটি প্রেরণ করা হয়। প্রিমিয়ার ইউনিভার্সিটি সূত্র জানায়, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন-২০১০ এর ১০ ধারা অনুযায়ী শিক্ষা মন্ত্রণালয় প্রিমিয়ার ইউনিভার্সিটিকে এই সনদ প্রদান করেন।

প্রসঙ্গত প্রিমিয়ার ইউনিভার্সিটি ২০১২ সালে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন থেকে স্থায়ী ক্যাম্পাসের অনুমোদন পায়। এর আগে ২০০২ সালের জানুয়ারি মাসে শিক্ষা কার্যক্রম শুরু করে বিশ্ববিদ্যালয়টি। চট্টগ্রাম সিটি করপোরেশনের মেয়র প্রয়াত এ বি এম মহিউদ্দিন চৌধুরী বিশ্ববিদ্যালয়টি প্রতিষ্ঠা করেছিলেন। চট্টগ্রামের মানুষের উচ্চশিক্ষার চাহিদা পূরণের উদ্দেশ্যে তিনি এই বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করেন।